

## 1344 - যাকাত আদায়ে অস্বীকৃতি জ্ঞাপনকারী মারা গেলে তার পরিণতি

### প্রশ্ন

যে ব্যক্তি 'লা-ইলাহা ইল্লাল্লাহ'-তে সাক্ষ্য দিয়েছে, নামায আদায় করেছে; কিন্তু যাকাত প্রদান করেনি এবং এ বিধানের প্রতি সন্তুষ্টও ছিল না তার হুকুম কি? ইসলামে সে ব্যক্তির হুকুম কি? সে ব্যক্তি মারা গেলে কি তার জানাযার নামায পড়া হবে; নাকি পড়া হবে না?

### প্রিয় উত্তর

যাকাত ইসলামের একটি রুকন। যে ব্যক্তি যাকাতের ফরযিয়ত বা আবশ্যকীয়তাকে অস্বীকার করে যাকাত প্রদান করেনি তার কাছে যাকাতের হুকুম তুলে ধরা হবে। এর পরেও যদি অস্বীকার করতে থাকে তাহলে সে কাফের হয়ে যাবে, তার জানাযার নামায পড়া যাবে না, তাকে মুসলমানদের কবরস্থানে দাফন করা যাবে না। পক্ষান্তরে, সে ব্যক্তি যদি কৃপণতাবশতঃ যাকাত না দেয়; কিন্তু সে যাকাতের ফরযিয়তের উপর ঈমান রাখে তাহলে সে ব্যক্তি কবিরাত্তা গুনাহকারী পাপী বিবেচিত হবে। তবে, তাকে কাফের বলা যাবে না। এ অবস্থায় মারা গেলে তাকে গোসল করানো হবে, জানাযার নামায পড়ানো হবে এবং তার পরিণতির সিদ্ধান্ত হবে কিয়ামতের দিন।